গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়ন সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক.প্রকল্পের বিবরণীঃ

১.	**প্রকল্পের নাম**	:	**দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প**	
২.	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	পানি সম্পদ মন্ত্রণালয়	
৩.	**বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	
৪.	**প্রকল্পের অবস্থান**	:	বিভাগ	জেলা
			খুলনা ও ঢাকা	নড়াইল, যশোর, সাতক্ষীরা, খুলনা এবং গোপালগঞ্জ

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	৩য় সংশোধিত		মূল	৩য় সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৬০২৫.০০	**মোট: ২৯৪২৫.৫৩** পিএ: ২৪৪২৫.০২ জিওবি: ৫০০০.০০ আরপিএ: ২০৩৫৫.৫৪	**মোট: ২৮৭১০.৭৩** পিএ: ২৩৭১০.০০ জিওবি: ৫০০০.৫১ আরপিএ: ১৯৯১৫.০৭	২০০৬-২০১৩	২০০৬-২০১৫	২০০৬-২০১৫	৭১৪.৮০ (১০%)	২ (দুই) বছর ২৫%

৬. **প্রকল্পের উদ্দেশ্য ঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য হলো পুনর্বাসন পরবর্তীতে প্রকল্পের টেকসই পরিচালনা ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে প্রকল্পের ব্যবস্থাপনা উপকারভোগীদের সংগঠন, Water Management Association (WMA) এর নিকট হস্তান্তর এবং আয়-বর্ধনমূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে জনগণের আর্থিক অবস্থার উন্নয়ন।

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ ঃ প্রকল্পের আওতায় মূল কার্যক্রমের মধ্যে রয়েছেঃ-

- প্রকল্পের আওতায় বাঁধ নির্মাণ/ মেরামত ৩০.২০কিঃমিঃ,
- খাল পুনঃখনন ২৫৭.৩০কিঃমিঃ,

- ❖ রেগুলেটর মেরামত ১৫টি ও রেগুলেটর নির্মাণ ৫টি,
- ❖ চেক ষ্ট্রাকচার/ কার্লভাট/ ফুটব্রীজ ৩৭টি,
- ❖ ডিপ টিউবয়েল ফর ড্রিংকিং ওয়াটার ১২২টি,
- ❖ ট্রেনিং সেন্টার নির্মাণ ৩২টি এবং
- ❖ ভূমি অধিগ্রহণ/ ক্রয় ৫৩.৪১ হেক্টর।

খ. **পরামর্শকের কার্যপরিধি (TOR) :**

৮.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৮.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.২ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;

৮.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলি প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না তা পর্যালোচনা ও এ বিষয়ে মতামত প্রদান;

৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলি যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;

৮.৮ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

৮.৯ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;

৮.১০ প্রকল্পের Exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

৮.১১ এ প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততার বিষয়টি সুস্পষ্টকরণ;

৮.১২ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে সম্পাদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী ভৌত কাজের গুণগত মান ও পরিমাণ ঠিক আছে কি না সে বিষটি যাচাইকরণ;

৮.১৩ একই এলাকায় সমজাতীয় অন্য প্রকল্পের তুলনা;

৮.১৪ প্রকল্পের আওতায় সম্পাদিত ষ্ট্যাডি পর্যালোচনা;

৮.১৫ প্রকল্পের মাধ্যমে পুনর্বাসন পরবর্তীতে প্রকল্পের টেকসই পরিচালনা ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে প্রকল্পের ব্যবস্থাপনা উপকারভোগীদের সংগঠন, Water Management Association (WMA) এর নিকট হস্তান্তর এবং আয়-বর্ধনমূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে জনগণের আর্থিক অবস্থার উন্নয়ন যাচাইপূর্বক প্রকল্পের সুনির্দিষ্ট প্রভাব নিরূপণ;

৮.১৬ প্রকল্পের আওতায় সেচ সুবিধা, কৃষি উৎপাদন বৃদ্ধি, স্থানীয়ভাবে কর্মসংস্থান সৃষ্টির প্রোগ্রাম মূল্যায়ন, গৃহীত কার্যক্রম ও সৃষ্ট সুবিধাদি টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;

৮.১৭ প্রকল্পে পরামর্শক ও NGO-এর কার্যক্রম বিশ্লেষণসহ পানি ব্যবস্থাপনা দল ও পানি ব্যবস্থাপনা সমিতির গঠন, পরিচলন, নিবন্ধন, ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে পর্যালোচনা ও মতামত প্রদান;

৮.১৮ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং

৮.১৯ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৯. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০১(এক) বছরের অভিজ্ঞতা।
২)	ক) টিম লিডার-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• পানি সম্পদ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে কাজ অভিজ্ঞতা; • পানি সম্পদ ষ্ট্রাকচারাল ডিজাইন সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা; • প্রকিউরমেন্ট (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) সংক্রান্ত কাজের অভিজ্ঞতা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং • প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নূন্যতম সিভিল/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি	• পানি সম্পদ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/ অর্থনীতি/ডেভলপমেন্ট স্টাডিজ/পরিসংখ্যান/ সমাজকল্যাণ/সমাজকর্ম বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারী	• আর্থ-সামাজিক গবেষণা/ প্রভাব মূল্যায়ন/ নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।
	(ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী	• তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।

১০. **নিম্নোলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ**

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজিতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১১. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

০৬/১০/১৮

মোঃ মাহমুদুল হাসান
সহকারী পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার